OC, DCRB

W.B.P.Form No. 27

# FIRST INFORMATION REPORT

707

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist Purba Medi Sub- Divn. Tamluk P.S. Tamluk Year 2017 FIR NO. 107/17 Date. 20. 2.17
2. i) Act IPC Section 147/148/149/323/427/447/506
2. iii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 1114 dt 20.2.17 Time at 14:35
   b) Occurrence of Offence : Day on Date 1.12.16 Time around 10:00 hrs
   c) Information received Date on 20.02.2017 Time at 14.35 hrs
   G. D. No. 1114 dt 20.02.2017 at the Police Station :
4. Type of Information. Written / Oral MP Case no. 06/17
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 04 k.m South West
   b) Address padumbasan, Ward no. 11 under Tamluk municipality, Block & PS
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. Tamluk Dist. Purba
   District Medinipur
6. Complaint /Informant :
   a) Name Samarendra nath Samanta
   b) Father's / Husband's Name Late Debendra nath Samanta
   c) Date/Year of Birth
   d) Nationality Indian
   e) Address vill: Parbatipur, PS Tamluk, Dist. Purba Medinipur
7. Detaluls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Bira Chakraborty w/o
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant Prasanta Chakraborty vill: parbatipur (2) Noorjahan Bibi (3) Mamoni Bibi w/o Alauddin vill: padumbasan
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) (3) Anirudha Chakraborty s/o Prasanta Chakraborty vill Parbatipur (4) Smt Debalina Chakraborty w/o Amitava Chakraborty (5) Amitava Chakraborty s/o Prasanta (6) Smt. Tapasi
10. Total value of Properties stolen / involved Chakraborty w/o Anirudha
11. Inquest report / U.D. : Case No. if any all of Parbatipur PS Tamluk and others
12. FIR Contents : (Attach separate sheets, if required) :

The original written Complaint which is treated as FIR is attached herewith

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 147/148/149/323/427/447/506 IPC

register the case and took up the investigation/directed ASI Biman Sardar of Tamluk PS to take up the investigation transferred to P. S. on point of jurisdiction FIR read over to the Complainant / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

[signature] 20/02/17

Signature / Thumb Impression of the Complainant /Informant

1750 21.2.17

Signature of the Officer-in-charge, Police Station with
Name SWAPAN CHAKRA
Rank OC, Tamluk PS
Number, if any 20.02.2017

Officer-in-Charge
Tamluk Police Station

(3)

149
195

Samarendranath Samanta
Abhishek Maiti.
Advocate.
19.1.17

P.I MP 62/17
Rd MP 8/17

In the Court of Ld. C.J.M. Purba Medinipur at Tamluk

Ref : M.P. Case No..............06/2017

Received on 20.2.17 at 14.35 hrs and Started Tamluk PS Case no. 107/17 dated 20.2.17 u/s 147/148/149/323/427/447/506 IPC

F.I.R. TREAT
O.C. Tamluk P.S.

**অভিযোগকারী**

শ্রী সমরেন্দ্র নাথ সামন্ত
পিতা- ৺দেবেন্দ্র নাথ সামন্ত
সাং-পার্ব্বতীপুর, পোঃ ও থানা- তমলুক
জেলা- পূর্ব মেদিনীপুর

**সাক্ষীগণের নাম ও ঠিকানা-**

১) শ্রীমতী সমী সামন্ত (ভৌমিক)
পিতা- সমরেন্দ্র নাথ সামন্ত
২) সঞ্জু দত্ত, পিতা- জয়নাল দত্ত
উভয়ের সাং- পদুমবসান
থানা- তমলুক
৩) হারাধন মান্না, পিতা- প্রতাপ চন্দ্র মান্না
সাং- কালিকাদাঁড়ি, থানা- ময়না
৪) শ্রী প্রশান্ত দাস, পিতা- ৺মহাদেব দাস
৫) সেক মুকুল, পিতা- সেক সাজাহান
উভয়ের সাং- পদুমবসান, থানা-তমলুক
জেলা- পূর্ব মেদিনীপুর
ও আরও অনেকে।

**আসামীগণ**

১) বিভা চক্রবর্ত্তী
স্বামী- প্রশান্ত চক্রবর্ত্তী
সাং- পার্ব্বতীপুর,
পোঃ ও থানা- তমলুক
২) নুরজাহান বিবি প্রঃ মামনি বিবি
স্বামী- আলাউদ্দিন
সাং- পদুমবসান,
পোঃ ও থানা- তমলুক
৩) শ্রী অনিরুদ্ধ চক্রবর্ত্তী
পিতা- প্রশান্ত চক্রবর্ত্তী
৪) শ্রীমতী দেবলিনা চক্রবর্ত্তী
স্বামী- অর্নিবান চক্রবর্ত্তী
৫) শ্রী অর্নিবান চক্রবর্ত্তী
পিতা- প্রশান্ত চক্রবর্ত্তী
৬) শ্রীমতী তাপসী চক্রবর্ত্তী
স্বামী- শ্রী অনিরুদ্ধ চক্রবর্ত্তী
সর্ব্ব সাং- পার্ব্বতীপুর,
পোঃ ও থানা- তমলুক
সর্ব্ব জেলা- পূর্ব মেদিনীপুর
ও আরও অনেক অজানা ব্যক্তিগণ

Officer-in-Charge,
Tamluk Police Station
Dist.-Purba Medinipur
20.02.17

O/C Tamluk to immediately take up & file

***ঘটনার সময় ও তারিখ*** - গত ইং ১৪-১২-২০১৬ সময় আন্দাজ সকাল ১০টা

***মন্তব্য*** - ভারতীয় দন্ডবিধি আইনের U/S - 147/ 148/ 149/ 323/ 427/ 447/ ~~354/~~ ~~380~~/ 506 I.P.C Section 4 ~~of WB Medical Service Person and Medicare Service Institition ( Prevantion of Violence and damage of proparty) Act 2009~~ ধারা মতে অভিযোগপত্র।

19 JAN 2017

A. Maiti
Adv.

বিনীত নিবেদন এই যে,

অধীন উপরোক্ত সাকিনের একজন স্থায়ী বাসিন্দা এবং আইনানুগ সুনাগরিক হইতেছি। তমলুক থানাধীন পদুমবসান মৌজাস্থিত ৫৬০১ দাগে ও ৫০২ নং হোল্ডিং-এ অধীনার কন্যা শ্রীমতী সমী সামন্ত (ভৌমিক) এর নামিত সম্পত্তি হইতেছে এবং উক্ত সম্পত্তির পরিমান ০৭.৬ ডেসিমল ও উক্ত ভূমির উপর দ্বিতল পোক্তা গৃহ অধীনের কন্যা জনৈক মুক্তি প্রসাদ বেরা এর নিকট হইতে গত ইং ০১-০৪-২০১৪ তারিখে বিক্রয় কোবালা মূলে খরিদ করিয়া উক্ত গৃহটির তৃতীয়তল নির্মান করিয়াছেন এবং উক্ত বাড়িটিতে অধীনের কন্যা "সেবা নার্সিং হোম" নামিত একটি নাসিং হোম স্থাপন করিয়াছে। যাহার দেখভাল ও পরিচালনা অধীন করিয়া থাকি।

এমতাবস্থায় ঘটনার তারিখ ও সময় অর্থাৎ গত ইং ১৪-১২-২০১৬ তারিখ সকাল ১০টা নাগাদ উপরোক্ত সমূহ আসামীগণ বেআইনী জনতায় জোটবদ্ধ হইয়া তাহাদের সহিত আরও কিছু গুন্ডা প্রকৃতির মদ্যপ ব্যক্তি লইয়া লাঠি, লোহার রড, ছোরা প্রভৃতি মারাত্মক অস্ত্র সস্ত্রে সজ্জিত হইয়া অধীনের কন্যার নামিত উপরোক্ত নাসিং হোমে অনধিকার প্রবেশ পূর্বক নাসিং হোমে দৈনিক কাজ কর্ম বন্ধ করিতে বলে এবং নাসিং হোমে ভর্তি থাকা রোগীর আত্মীয় স্বজন তথা নাসিং হোমে কর্মচারী ও ডাক্তার নার্সগণকে নাসিং হোম হইতে বাহির হইয়া যাইতে বলে এবং অশ্লীল অশ্রাব্য ভাষায় গালিগালজ করিতে থাকে। অধীন এবং অধীনের কর্মচারীগণ তথা সাক্ষীগণ উক্ত কার্য্যে প্রতিবাদ করিলে তাহারা ভয়ঙ্কর হইয়া উঠে এবং নীচের তলার দুইটি ঘরের তালা সাবল দিয়া জোর পূর্বক ভাঙ্গিয়া উক্ত ঘর দুটিতে থাকা নিম্ন তপশীল বর্ণিত দামী দামী জিনিষ পত্র ও যন্ত্রাদি অপহর ও আত্মসাৎ করিয়া লয়। উক্ত সময় অধীন বাধা প্রদান করিতে যাইলে সকলে মিলিয়া অধীনকে আক্রমন করে এবং অধীনের গটা টিপিয়া ধরিয়া শ্বাসরোধ করিয়া মারিবার চেষ্টা করে এবং তৎসহ যে যেমন পারে চড় কিল লাথি ঘুসি ও লাঠি বা লোহার রডের বাড়ি মারিতে থাকে। উক্ত ঘটনা চলাকালীন নাসিং হোমের উপরে থাকা অধীনের কন্যা শ্রীমতী সমী সামন্ত (ভৌমিক) অধীনের অর্ত চিৎকার

19/09/2017

Somendranath Sen

A. Maiti
Adv.

শুনিয়া ছুটিয়া নামিয়া আসিয়া অধীনকে বাঁচাইতে আসিলে ৩নং ও ৫ নং আসামী অধীনকে ছাড়িয়া দিয়া তাহাকে আক্রমণ করে এবং কিল চড় লাথি মারে ও উভয়ে মিলিয়া তাহার পরনের শালোয়ার কামিজ টানিয়া খুলিয়া তাহার শ্লীলতা হানি করিবার চেষ্টা করে। উপস্থিত লোকজন তথা সাক্ষীগণ অধীন ও অধীনের কন্যাকে কোনক্রমে আসমীগণের কবল হইতে উদ্ধার করে। আসামীগণ অপহৃত মালামাল লইয়া যাইবার আগে অধীনের নাসিং হোমে ব্যাপক ভাঙচুর ও ক্ষতি সাধন করে।

উক্ত অপহৃত মালপত্রের মূল্য আনুমানিক ৪,৫০,০০০্ টাকা হইবে। ভাঙচুর করিবার ফলে অধীনের আরও আনুমানিক ৫০,০০০্ টাকার ক্ষয় ক্ষতি হইয়াছে। অসামীগণের মার শাসনের ফলে অধীন এবং অধীনের কন্যা সারা শরীরে ব্যাথা বেদনা পাই এবং নিজ নাসিং হোমে ঔষধ সেবন করিয়াছি।

উক্ত দিন অর্থাৎ ১৪-১২-২০১৬ তারিখে ঘটনার অব্যবহিত পরেই অধীন স্থানীয় তমলুক থানায় লিখিত অভিযোগ দায়ের করিয়াছি। থানার অফিসার অধিনের অভিযোগ পত্র লইলেও কোন জি.ডি. এন্ট্রি নাম্বার দেন নাই বা কোনরূপ ব্যবস্থা লন নাই। বাধ্য হইয়া অধীন গত ইং ২৮-১২-২০১৬ তারিখে পূর্ব মেদিনীপুর জেলার মাননীয় পুলিশ সুপার মহোদয়কে ঘটনার বিষয় লিখিতভাবে জানাইয়াছি। উহার পরেও আসামীগণ ক্রমাগত অধীন ও অধীনের কন্যাকে ভীতি প্রদর্শন করিতে থাকিলে পুনরায় অধীনের কন্যা গত ইং ২৯-১২-২০১৬ তারিখে তমলুক থানায় লিখিত অভিযোগ দায়ের করিয়াছেন। এই ক্ষেত্রেও থানা হইতে কোন জি.ডি. এন্ট্রি প্রদান করা হয় যাহার নাং ১৪৭২ হইতেছে। পুনরায় অধীন সমস্ত বিষয় তমলুক থানায় লিখিত ভাবে রেজিস্ট্রাড পোষ্ট মাধ্যমে গত ইং ১৬-০১-২০১৭ তারিখে জানাইয়াছি, কিন্তু তাহা সত্বেও থানা বা প্রশসনিক মহল হইতে অদ্যাবধি কোন প্রতিকার পাই নাই।

থানার কোনও specific মামলা দায়ের না হইবার কারণে হুজুরে অত্র নালিশ জানাইলাম।

অধীনের নাসিং হোম হইতে অপহৃত মূল্যবান যন্ত্রাদি ও মালপত্র আশু উদ্ধার হওয়া আবশ্যক যাহা পুলিশ কর্তৃপক্ষের হস্তক্ষেপ ছাড়া আদৌ সম্ভব নহে।

একারণে অত্র নালিশ বিষয়ে পুলিশী তদন্ত একান্ত আবশ্যক। তদুপরি ঘটনার বিবরণ হইতে প্রতীয়মান হইবে যে আসামীগণ congnizable offence এর দায়ে অভিযুক্ত।